# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

# নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস/বিভাগের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। ৳ঃ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে **"ড্রাফটস্‌ম্যান"** পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউট (আই.ডব্লিউএফ.এম.)-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাশ হইতে হইবে এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ড্রাফটসম্যান কাম ক্যাড বিষয়ে (Auto Cad, 3D Studio Max, Lumion, SkechUp, Revit ইত্যাদি) প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। অথবা এইচ.এস.সি পাশ সহ ভোকেশনাল ইন ড্রাফটিং-এ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সম্পন্ন এবং কোন খ্যাতিমান প্রতিষ্ঠানে ড্রাফটসম্যান পদে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে এবং তৎসহ Auto Cad, 3D Studio Max, Lumion, SkechUp, Revit ইত্যাদিতে দক্ষতা থাকিতে হইবে।

২। ৳ঃ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে **"ইন্সট্রুমেন্ট টেকনিশিয়ান"** উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর (ডিএইআরএস)-এর অধীনে কেন্দ্রীয় ইন্সট্রুমেন্ট ওয়ার্ক শপের ৩ টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে ৪ (চার) বৎসরের অভিজ্ঞতাসহ কমপক্ষে বি.এস.সি পাস হইতে হইবে এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। অথবা সংশ্লিষ্ট বিষয়ে এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশসহ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ২ (দুই) বৎসর মেয়াদী ট্রেড কোর্স সম্পন্ন এবং কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট যন্ত্রপাতি (ল্যাবঃ ইকুইপমেন্টস/ইলেকট্রোমেকানিক্যাল যন্ত্রপাতি/প্রজেক্টর/কম্পিউটার এক্সেসরিজ মেরারত ও ইন্সটলেশন ইত্যাদি) মেরামতের কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

৩। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"পি.এ"** কম্পট্রোলার অফিসের ১ (এক) টি স্থায়ী পদঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ সর্টহ্যান্ড-এ বাংলায় ৫০ এবং ইংরেজীতে ৮০ শব্দ এবং কম্পিউটার কম্পোজ-এ বাংলায় ৩০ টি ও ইংরেজীতে ৪৫ টি শব্দ এর গতি সম্পন্ন এবং ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে। গোপনীয়ভাবে অফিসের কাজকর্ম করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

৪। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"উচ্চমান সহকারী"** ইনষ্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজী (আই.এ.টি)-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"লাইব্রেরী সহকারী কাম ডকুমেন্টেশন সহকারী"** (ক) ইনষ্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজী (আই.এ.টি)-এর ১টি স্থায়ী পদ এবং (খ) গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং বিভাগ-এর ১ (এক) টি স্থায়ী পদঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রী এবং কোন অনুমোদিত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান/গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমাধারী হইতে হইবে। কম্পিউটারে MS Word ও MS Excel-এ দক্ষতা থাকিতে হইবে।

৬। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"ল্যাবঃ ইন্সট্রাক্টর-কাম-স্টোর কীপার"** (ক) পদার্থ বিজ্ঞান বিভাগের ১ (এক) টি স্থায়ী পদ (খ) কেমিকৌশল বিভাগের ১ (এক) টি স্থায়ী পদ এবং (গ) তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ১ (এক) টি স্থায়ী পদঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে **অথবা** এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট লাইনে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। (পৃঃ ১০৬)।

৭। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"ডাটা এন্ট্রি অপারেটর"** আইআইসিটি-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রীসহ প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৮। ৳ঃ ৯৭০০-২৩৪৯০/- বেতন স্কেলে **"ড্রাইভার (ভারী লাইসেন্স)"** উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর (ডিএইআরএস)-এর অধীনে অটোমোবাইল শপের ২ টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই অষ্টম শ্রেণী পাশসহ ভারী গাড়ী চালানোর লাইসেন্সধারী হইতে হইবে এবং গাড়ী মেরামতের কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৯। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **"এল.ডি.এ-কাম কম্পিউটার অপারেটর"** (ক) আইআইসিটি-এর ১টি স্থায়ী পদ এবং (খ) কেন্দ্রীয় লাইব্রেরী-এর ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি সমমানের পরীক্ষায় পাশসহ কমপক্ষে প্রতি মিনিটে বাংলায় ২৫টি এবং ইংরেজীতে ৩৫ টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতাসম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।

১০। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **"হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর"** আই.পি.ই বিভাগের ১টি স্থায়ী পদ ঃ কমপক্ষে এইচ.এস.সি সমমানের (বানিজ্য হইলে অগ্রধিকার) পরীক্ষায় পাশ এবং টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় ২৫টি এবং ইংরেজীতে ৩৫ টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতাসম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

১১। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **"সহকারী ক্যাশিয়ার"** কম্পট্রোলার অফিসের ১ (এক) টি স্থায়ী পদঃ প্রার্থীকে এইচ.এস.সি সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ হিসাব নিকাশের কাজে জ্ঞান থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।।

১২। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **"ড্রাইভার (হালকা লাইসেন্স)"** উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর (ডিএইআরএস)-এর অধীনে অটোমোবাইল শপের ১ টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই অষ্টম শ্রেণী পাশসহ হালকা/ভারী গাড়ী চালানোর লাইসেন্সধারী হইতে হইবে এবং গাড়ী মেরামতের কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১৩। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"ল্যাবঃ এটেনডেন্ট"** জিডপাস-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশ এবং সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সসহ কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১৪। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"শপ এটেনডেন্ট"** উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর (ডিএইআরএস)-এর অধীনে কেন্দ্রীয় ইন্সট্রুমেন্ট ওয়ার্ক শপের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১৫। ৳ঃ ৮৫০০-২০৫৭০/- বেতন স্কেলে "লাইব্রেরী এটেনডেন্ট" (ক) কেন্দ্রীয় লাইব্রেরীর ২ (দুই) স্থায়ী পদ এবং (খ) কেমিকৌশল বিভাগের ১ (এক) টি স্থায়ী পদঃ প্রার্থীকে এস.এস.সি পাশসহ লাইব্রেরীর কাজে কমপক্ষে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১৬। ৳ঃ ৮৫০০-২০৫৭০/- বেতন স্কেলে **"অফিস এটেনডেন্ট"** দূর্ঘটনা রিসার্চ ইনস্টিটিউট-এর ১ (এক) টি স্থায়ী পদঃ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশসহ অফিসের ১ (এক) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৭। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **"এম.এল.এস.এস"** (ক) শহীদ স্মৃতি হলের ২ (দুই) টি স্থায়ী পদ এবং (খ) কম্পট্রোলার অফিসের ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৮। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **"গার্ড"** শহীদ স্মৃতি হলের ১ (এক) টি স্থায়ী পদঃ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। রাইফেল চালানোর অভিজ্ঞতা থাকিলে ভাল হয়। বয়স ১৮-৩৫ বৎসর। অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারীর জন্য বয়স শিথিলযোগ্য।

১৯। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **"ভেহিক্যাল হেলপার"** ডিএইআরএস অধীন অটোমোবাইল শপের ১ (এক) টি স্থায়ী পদঃ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট লাইনে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত হইতে হইবে।

**বিঃদ্রঃ** ক্রমিক নং ১ হইতে ১৬ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/ শ্রেণী গ্রহণযোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/ শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন এবং ডিগ্রী অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।"

**আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ১৩/১০/২০২১**

**সকল পদের জন্য প্রযোজ্য ঃ**

বাংলায় নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা, জন্ম তারিখ ও **মোবাইল নম্বর** ইত্যাদি উল্লেখ পূর্বক ভোটার আইডি কার্ড/ জন্ম নিবন্ধন সনদসহ সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবিসহ **কম্পিউটারে মুদ্রিত** দরখাস্ত রেজিস্ট্রার -এর বরাবরে পৌছাইতে হইবে। প্রার্থীত পদের নাম, অফিস/ বিভাগের নাম আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

কম্পট্রোলার, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে প্রতিটি পদে ১ নং পদ হইতে ১৪ নং ক্রমিকের পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার এবং ১৫ হইতে ১৯ নং ক্রমিকের পদের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/ পেঅর্ডার (ঢাকা মহানগরীর যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ দরখাস্তের সহিত জমা দিতে হইবে। পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/ বাতিল/ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। বিস্তারিত তথ্যের জন্য বুয়েট ওয়েব সাইটে (www.buet.ac.bd/regoffice) দেখা যাইতে পারে অথবা বুয়েটের নোটিশ বোর্ডে খোঁজ নেওয়া যাইতে পারে।

রেজিস্ট্রার

স-২১৪২ (১৬x৩)